14

দৈনিক জনকণ্ঠ

তারিখ 01 APR 1995
পৃষ্ঠা ১ কলাম ৪

# উপানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রমের জন্য স্বতন্ত্র অধিদফতর হচ্ছে

হাসনাইন খুরশেদ

দেশে ব্যাপক ভিত্তিক উপানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রমের উপযোগী অবকাঠামো সৃষ্টির লক্ষ্যে স্বতন্ত্র একটি অধিদফতর প্রতিষ্ঠার উদ্যোগ নেয়া হয়েছে।

নির্ভরযোগ্য সূত্রে জানা গেছে, সমন্বিত উপানুষ্ঠানিক শিক্ষা বিস্তার কার্যক্রম (সংশোধিত) প্রকল্পটিকে বাস্তবায়নের চূড়ান্ত পর্যায়ে স্বতন্ত্র অধিদফতরে রূপান্তরিত করা হবে। জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সাম্প্রতিক এক বৈঠকে ১০৭ কোটি ৫০ লাখ ৩৯ হাজার টাকা ব্যয়ে বাস্তবায়নের জন্য প্রকল্পটি অনুমোদিত হয়েছে।

(২-এর পাতায় দেখুন)

## উপানুষ্ঠানিক শিক্ষা

(প্রথম পাতার পর)

এ প্রকল্পের আওতায় পরীক্ষামূলকভাবে ৬৯টি থানায় চারটি কর্মসূচী চালু করা হবে বলে সূত্র জানায়।

এর মধ্যে 'প্রাক-প্রাথমিক শিক্ষা কর্মসূচী' চালু করা হবে প্রাথমিক বিদ্যালয়ে অংশগ্রহণ বাড়ানো এবং এই স্তর সাফল্যজনকভাবে সমাপনে শিশুদের উৎসাহী করে তোলার লক্ষ্য নিয়ে। যে সব শিশু আনুষ্ঠানিক প্রাথমিক শিক্ষা থেকে বিরত রয়েছে বা 'ড্রপ আউটে'র শিকার হয়েছে, তাদের জন্য বিশেষ কার্যক্রম হিসাবে 'উপানুষ্ঠানিক প্রাথমিক শিক্ষা কর্মসূচী' চালু করা হবে।

'কিশোর-কিশোরীদের জন্য উপানুষ্ঠানিক প্রাথমিক শিক্ষার সমপর্যায়ের মৌলিক শিক্ষা' নামে আরেকটি কর্মসূচী চালু করা হবে। যারা আনুষ্ঠানিক বা উপানুষ্ঠানিক প্রাথমিক শিক্ষায় আদৌ অংশ না নিয়ে কিংবা 'ড্রপ আউটে'র শিকার হয়ে এখন কমবয়সীদের সহপাঠী হতে অস্বস্তিবোধ করবে— এ ধরনের ছাত্র-ছাত্রীদের উপযোগী মৌলিক শিক্ষার ধারা সৃষ্টিই হলো এ কর্মসূচীর লক্ষ্য।

'বয়স্ক শিক্ষা কর্মসূচী' নামে এ প্রকল্পের আওতাধীন আরেকটি কর্মসূচীর মাধ্যমে ২৫ থেকে ৩০ বছর বয়সী নিরক্ষর বা অর্ধশিক্ষিতদের উপানুষ্ঠানিক শিক্ষা ব্যবস্থার আওতায় আনা হবে।

বিশ্বস্ত সূত্রে জানা গেছে, উল্লেখিত চারটি কর্মসূচীর মাধ্যমে শিক্ষাপ্রাপ্তদের শিক্ষা চর্চার প্রক্রিয়াকে কার্যকরী এবং মানব সম্পদ উন্নয়নের লক্ষ্যে সবার জন্য শিক্ষা নিশ্চিত করতে এ প্রকল্পটিকে চূড়ান্ত পর্যায়ে উপানুষ্ঠানিক শিক্ষাসম্পর্কিত একটি স্বতন্ত্র অধিদফতরে রূপান্তরিত করা হবে।

উল্লেখ্য, সমন্বিত উপানুষ্ঠানিক শিক্ষা বিস্তার কার্যক্রম প্রকল্পের মূল দলিল '৯২ সালে ৩৯ কোটি ৩৮ লাখ ৪০ হাজার টাকার প্রস্তাবিত বৈদেশিক সাহায্যসহ ৪৪ কোটি ৩৮ লাখ ৪০ হাজার টাকায় বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। কিন্তু দীর্ঘদিন যাবত প্রত্যাশিত ও পর্যাপ্ত বৈদেশিক সাহায্য না পাওয়ায় স্থানীয় সম্পদের সাহায্যে মন্থর গতিতে এর বাস্তবায়ন কাজ চালানো হচ্ছিল।

সূত্র জানায়, ব্যাপক ভিত্তিতে এ প্রকল্পটি বাস্তবায়নের জন্য সম্প্রতি ইউনিসেফ, ইউএনডিপি, নোরাড ও সিডা-র কাছ থেকে মোট ৮০ কোটি ৮৪ লাখ ৬৬ হাজার টাকার বৈদেশিক সাহায্য প্রাপ্তির আশ্বাস পাওয়া গেছে। এ প্রেক্ষিতেই এর প্রকল্প ছক সংশোধন ও অনুমোদন করা হয়েছে।